

বাংলা ট্রিবিউন

ইউআইইউতে নবীনবরণ অনুষ্ঠিত

👤 ক্যাম্পাস রিপোর্ট

প্রকাশিত: ১৬:৩৮, জানুয়ারি ২০, ২০১৯ | সর্বশেষ আপডেট: ১৬:৪০, জানুয়ারি ২০, ২০১৯

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে স্প্রিং-২০১৯ এর আন্ডারগ্রাজুয়েট ও পোস্ট গ্রাজুয়েট শিক্ষার্থীদের নবীনবরণ শনিবার (১৯ জানুয়ারি) বিকেলে অনুষ্ঠিত হয়েছে। স্কুল অব বিজনেজ অ্যান্ড ইকোনমিকস ও স্কুল অব সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীরা এতে অংশ নেন। ইউআইইউ উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রাইভেট বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশনের সভাপতি শেখ কবির হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান।



প্রধান অতিথি বলেন, ‘দেশ এগিয়ে যাচ্ছে এবং কর্মক্ষেত্রে নতুন নতুন চ্যালেঞ্জ তৈরি হচ্ছে। তাই মানসম্পন্ন ও সঠিক শিক্ষায় শিক্ষিত হয়ে চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের তৈরি করতে হবে।’

বিশেষ অতিথির বক্তৃতায় ফরিদুর রহমান খান বলেন, ‘শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি ইনোভেশন ও গবেষণায় মনোযোগ দিতে হবে।’ উচ্চ শিক্ষার জন্য ইউআইইউকে বেছে নেওয়ায় নতুন শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বলেন, ‘দেশ ও জাতির কল্যাণে দক্ষ, সৎ ও দায়িত্বশীল মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।’ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এ এসএম সালাহ উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ, স্কুল অব বিজনেজ অ্যান্ড ইকোনমিকস এর ডিন অধ্যাপক ড. আবুল এইচ আজম, স্কুল অব সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আবুল কাশেম মিয়াসহ বিভাগীয় প্রধানেরা। জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে নবীনদের বরণ করে নেন বর্তমান শিক্ষার্থীরা।